



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৫/০৬/২০২২

### প্রেস রিলিজ

## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৪তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন

(০৫/০৬/২০২২)৪ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার অঙ্গীকারের মধ্য দিয়ে আজ রোববার ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা উৎসবমুখর পরিবেশে ১৪তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করেছে।। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে ক্যাম্পাসে ছিল সাজসাজ রব, বর্ণিল, আনন্দময়। সকালে আনন্দ শোভাযাত্রার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। উৎসবের ছোঁয়া ক্যাম্পাস ছেড়ে শহরেও ছড়িয়ে পড়ে। দিনটি পাবনাবাসীর জন্যও ছিল আনন্দের।



আজ রোববার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৪তম বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আনন্দ শোভাযাত্রা

সকালে প্রশাসন ভবন থেকে আনন্দ শোভাযাত্রা বের হয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এরপর লেকের পাড়ে স্থাপিত কবি বন্দে আলী মিয়া মুক্তমুখ্য উদ্বোধন করা হয়। এরপর বৃক্ষরোপণ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জম্মতবর্ষের স্মারক মুরাল জনক জ্যোতির্ময়ে শ্রদ্ধাঙ্গলি, শহিদ মিনারে শ্রদ্ধাঙ্গলি ও স্বাধীনতা চতুরে শ্রদ্ধাঙ্গলি অর্পণ করা হয়। জাতীয় সঙ্গীতের সঙ্গে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হয়। রক্তদান কর্মসূচির উদ্বোধন করেন মাননীয় উপাচার্য মহোদয়। খেলার মাঠে শিক্ষার্থীদের নান্দনিক ফ্ল্যাশমুব পরিবেশনা করা হয়।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এরপর বিশ্ববিদ্যালয় দিবসের আলোচনা সভায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুনের সভাপতিত্তে প্রধান অতিথি প্রাণ রসায়ন বিজ্ঞানী, জীনতত্ত্ববিদ, স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হাসিনা খান বলেন, বাংলাদেশে বিজ্ঞান শিক্ষায় তুলনামূলকভাবে মেয়েরা বিভিন্ন প্রতিকূলতার কারণে পিছিয়ে আছে। বিজ্ঞান শিক্ষায় মেয়েদের আরো মনযোগী হতে হবে। জীবনে বড় হতে হলে শৃঙ্খলার মধ্যে থাকতে হবে। জীবনের সরক্ষেত্রে চেইন অব কমান্ড মেনে চলতে হবে। বিশেষ অতিথি উপ-উপাচার্য অধ্যাপক ড. এস.এম মোস্তফা কামাল বলেন, সকলে সমিলিত প্রচেষ্টার মাধ্যমে আমরা এই বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেব।

সাবেক কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আনোয়ার খসরু পারভেজ শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, প্রচলিত শিক্ষার বাইরে সহশিক্ষার মাধ্যমে ইতিবাচক সবকিছু আনন্দের সাথে গ্রহণ করে জীবনকে প্রকৃত জ্ঞানের আলোয় আলোকিত করতে হবে। আরো উপস্থিত ছিলেন ফাস্ট ক্যাপিটাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ হ্যরত আলী।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, আমাদের ছাত্রা বিশ্ববিদ্যালয়কে জ্ঞানের তীর্থ ভূমিতে পরিণত করেছে। তাদের আবিষ্কার, গবেষণা গর্ব করার মতো। সারা বিশ্বে তারা জ্ঞানের আলো নিয়ে ছড়িয়ে পড়ছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের কলেবর বাড়ানোর জন্য আয়তন ১০০ একর করা হবে। রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের সাথে যৌথভাবে বিভিন্ন গবেষণা করা হবে। সংশ্লিষ্ট বিভাগ খোলা হবে। সকলের সমিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার আহবান জানান। তিনি প্রাণ রসায়ন বিভাগ খোলার ঘোষণা দেন। এদিকে কবি বন্দে আলী মিয়া মুক্তমঞ্চ উদ্বোধনের সময় বলেন, আজকে আমাদের অত্যন্ত আনন্দের দিন। পাবনায় এর আগে বড় কোন স্থাপনা নেই এই কবির নামে। এসময় তিনি কবির বিখ্যাত কবিতা আবৃত্তি করেন।

কেন্দ্রীয় মসজিদে বাদযোহর দোয়া মাহফিলের আয়োজন করা হয়। বিকেলে ঝীঢ়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।।।

সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছাড়াও জনপ্রিয় ব্যান্ডল জলের গান সঙ্গীত পরিবেশনা করেন।

বার্তা প্রেরক  
স্বাক্ষরিত/=

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)  
উপ-পরিচালক , জনসংযোগ ও প্রকাশনা দপ্তর  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় , পাবনা।